যুগান্তর

তারিখ 20 DEC 2017
পৃষ্ঠা ২ কলাম ১

এমপিওভুক্তির দাবি

## ২৫ জানুয়ারি ঢাকায় শিক্ষক মহাসমাবেশ

**যুগান্তর রিপোর্ট**

স্বীকৃতিপ্রাপ্ত সব নন-এমপিও শিক্ষাপ্রতিষ্ঠান এমপিওভুক্ত ও শিক্ষক-কর্মচারী এমপিওভুক্ত এবং যোগদানের দিন থেকে চাকরির বয়স গণনার দাবি জানিয়েছে স্বাধীনতা নন-এমপিও শিক্ষাপ্রতিষ্ঠান শিক্ষক-কর্মচারী ফেডারেশন। দাবি আদায়ের লক্ষ্যে ২৫ জানুয়ারি ঢাকায় শিক্ষক-কর্মচারী মহাসমাবেশ করবে সংগঠনটি। এর আগে ২৪ ডিসেম্বর থেকে ২০ জানুয়ারি তারা এ বিষয়ে জেলায় জেলায় মতবিনিময় সভা, গণসংযোগ এবং জেলা ও বিভাগীয় সমাবেশ করবে।